মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেপ্তার সাত

মেহেরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন মামলার সাত আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ।
এদের মধ্যে সিআর মামলায় আদালতের পরোয়ানাভুক্ত একজন ও নিয়মিত মামলার ছয় আসামি রয়েছে।
সোমবার সকাল থেকে আজ মঙ্গলবার (১৯ নভেম্বর) ভোর রাত পর্যন্ত মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের পৃথক টিম আলাদা অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেপ্তার করে।
মেহেরপুর সদর থানা পুলিশ পৃথক অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত ৩ জন ও নিয়মিত মামলার ২ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ ও জিআর মামলার ১ জনকে গ্রেফতার করেছে।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমানুল্লাহ আল বারী এবং গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছে।
আজ বুধবার (১৯ নভেম্বর) দুপুরে গ্রেপ্তারকৃতদের আদালতে নেওয়া হয়েছে।

গাংনীতে বিএনপি ও অঙ্গ সংগঠনের ৬২ নেতাকর্মী মিথ্যা মামলায় খালাস

২০১৮ সালের জাতীয় নির্বাচনের পূর্বে মেহেরপুরের গাংনী উপজেলা বিএনপির ৬২ জন নেতাকর্মীর বিরুদ্ধে পুলিশের দায়ের করা নাশকতা মামলার ৬২ জন আসামি বেখসুর খালাস পেয়েছেন।

আজ সোমবার (১৮ নভেম্বর) দুপুরের দিকে মামলার সকল আসামি আদালতে হাজির হয়ে মিথ্যা মামলা থেকে খালাসের আবেদন করলে মেহেরপুর অতিরিক্ত জেলা জজ মো: নূহ নবী তাদেও বেখসুর খালাসের রায় দেন।

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, গাংনী পৌর যুবদলরে সভাপতি সাইদুল ইসলাম, সাধারণ সম্পাদক গাংনী টেকনিকেল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, কাজিপুর ইউনিয়ন বিএনপির নেতা ও সাবেক ইউপি মেম্বর হাবিবুর রহমান হাবিব, ধানখোলা ইফুরংর যুবদলের সম্পাদক আলামিন হোসেন, কাজিপুর ইউনিয়ন যুবদলের নেতা জহুরুল ইসলাম, শরীফুল ইসলামসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের ৬২ জন নেতাকর্মীর বিরুদ্ধে তৎকালিন গাংনী থানা পুলিশ সরকার বিরোধী নাশকতার অভিযোগ এনে মিথ্যা মামলা দায়ের করেন। যার মামলা নং এসটিসি ৩৫,৩৬/২০১৮ ইং।

২০১৮ সালের ডিসেম্বর মাসে ডেমি নির্বাচনের পূর্বে গাংনী উপজেলার কল্যাণপুর গ্রামে বিএনপি নেতা কর্মীরা নাশকতা ঘটানোর উদ্যেশ্যে জড়ো হয়ে সরকার বিরোধী গোপন বৈঠক করছে এমন কাল্পনিক অভিযোগ এনে মিথ্যা মামলাটি দেই গাংনী থানা পুলিশ।

মামলাটি দীর্ঘদিন চলার পরে আজ সোমবার দুপুরে নির্ধারিত দিনে মামলার সকল আসামি বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মী আদালতে উপস্থিত হলে বিচারক সব আসামিকে বেকসুর খালাস দেন।

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু বলেন, ফ্যাসিস্ট সরকারের নির্দেশে পুলিশ বিএনপির অসংখ্য নেতাকর্মীর নামে গত ১৭ বছরে অসংখ্য মিথ্যা মামলা দায়ের করেছে। এসব মামলায় আসামি করা হয়েছিলে কয়েক হাজার নেতাকর্মীকে। স্বৈরাচার সরকারের আমলে এসব মামলায় বিএনপির হাজার হাজার নেতাকর্মীকে গ্রেপ্তার করে জেলহাজতে পাঠায় পুলিশ। বিএনপি ও অঙ্গ সংগঠনের শত শত নেতাকর্মীকে রিমান্ডের নামে করা হয়েছে অমানবিক নির্যাতন।

তিনি বলেন, পুলিশের দায়ের করা বাকী মিথ্যা মামলাগুলো থেকেও দ্রত খালাস পাবেন এ প্রত্যাশা বিএনপি নেতাদের।

মেহেরপুর দুটি সার ডিলার

প্রতিষ্ঠান মালিককে ৬৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুর সরকার নির্ধারিত দামের চেয়ে অধিক মুল্যে সার বিক্রী করার অভিযোগে ২ টি সার ডিলার প্রতিষ্ঠান মালিকের নিকট থেকে ৬৫ হাজার টাকা জরিমানা আদায় করেছে মেহেরপুর জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ভ্রাম্যমান অভিযানে।

আজ সোমবার (১৮ নভেম্বর) বিকেলে মেহেরপুর কোট সড়ক এবং থানা সড়কে এই অভিযান চালানো হয়।

জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদের নেতৃত্বে মেহেরপুর শহরের থানা সড়কে মেসার্স হোসেন ট্রেডার্স নামক সার কীটনাশক বিক্রয় প্রতিষ্ঠানে তদারকিতে সরকার নির্ধারিত দামের চেয়ে অধিক দামে সার বিক্রীর প্রমান পাওয়া যায়। সরকার নির্ধারিত ১৩৫০ টাকা দামের টিএসপি সার ১৬১০ টাকায় বিক্রি করছিলেন।

এছাড়া সার কেনা-বেচার পাকা রশিদ না রাখা ও ক্রেতাকে রশিদ প্রদান না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: কাশেম আলীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

পরে কাশেম আলীর দেয়া তথ্যের ভিত্তিতে উপজেলা গেটের সামনে মেসার্স শাহাবুদ্দিন খান এন্ড ব্রাদার্স নামক বিএডিসি সারের ডিলার প্রতিষ্ঠানে অভিযান চালানো হয়। প্রতিষ্ঠানে তদারকিকালে অভিযোগের সত্যতার প্রমান পাওয়া যায়। সার বিক্রির স্টক রেজিস্টার ও ভাউচার যাচাই করে ১৬ তারিখের ৫৭ বস্তা টিএসপি সারের গড়মিল পাওয়া যায়। ৫৭ বস্তা সার বেশি দামে বিক্রি করা হলেও তাঁর কোন ভাউচার প্রদান করা হয়নি। কোথায় এবং কার কাছে সার বিক্রি করেছেন তার কোন প্রমাণ রাখেননি। তবে পুর্বে ১৫৮০ টাকা পর্যন্ত টিএসপি সার বিক্রির কথা তিনি স্বীকার করেন।

অতিরিক্ত দামে সার বিক্রয় করে ভাউচার প্রদান না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: শাহাবুদ্দিনকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৪০ ও ৪৫ ধারায় ৬০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে সহযোগিতা করেন জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ

মাহমুদ ও মেহেরপুর সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম।

এসময় শহরের বিভিন্ন দোকানে সরকারি আইন মেনে ব্যবসা করার জন্য লিফলেট, পোষ্টারসহ সচেতন করা হয়। এধরণের অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি।

৮৬ পদে চাকরি দেবেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষাসেবা বিভাগের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। প্রতিষ্ঠানটিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত প্রকল্পের একাধিক পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন। নির্বাচিত প্রার্থীরা মাসিক বেতন ছাড়াও প্রতিষ্ঠানের নীতিমালা অনুযায়ী আরও বিভিন্ন সুযোগ-সুবিধা পাবেন।

১. পদের নাম : হিসাবরক্ষক

পদসংখ্যা : ২২

যোগ্যতা : স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য অনুষদের যেকোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে এমএস অফিসে দক্ষতা থাকতে হবে।

বেতন স্কেল : ১২,৫০০–৩২,২৪০ টাকা (গ্রেড–১১)

২. পদের নাম : কম্পিউটার অপারেটর

পদসংখ্যা : ১৫

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।

বেতন স্কেল : ১১,০০০-২৬,৫৯০ টাকা (গ্রেড-১৩)

৩. পদের নাম : অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

পদসংখ্যা : ২৭

যোগ্যতা: এইচএসসি বা সমমান পাস। কম্পিউটার ব্যবহার–সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ২০ শব্দ থাকতে হবে।

বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০ টাকা (গ্রেড-১৬)

৪. পদের নাম : গাড়িচালক

পদসংখ্যা : ১২

যোগ্যতা : জেএসসি বা সমমান পাস। হালকা বা ভারী গাড়ি চালনার বৈধ লাইসেন্স থাকতে হবে। হালকা বা ভারী গাড়ি চালনায় অন্যূন দুই বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

বেতন স্কেল: ভারী লাইসেন্স ৯,৭০০–২৩,৪৯০ টাকা (গ্রেড–১৫) ও হালকা লাইসেন্স ৯,৩০০-২২,৪৯০ টাকা (গ্রেড-১৬)

৫. পদের নাম : ডেসপাস রাইডার

পদসংখ্যা : ১০

যোগ্যতা : অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে এইচএসসি বা সমমান পাস। মোটরসাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।

বেতন স্কেল : ৮,৫০০-২০,৫৭০ টাকা (গ্রেড-১৯)

আবেদন যেভাবে: আগ্রহী প্রার্থীদের এই ওয়েবসাইটে ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। নিয়োগসংক্রান্ত বিস্তারিত তথ্য এই লিংকে পাওয়া যাবে।

আবেদন ফি: অনলাইনে ফরম পূরণের অনধিক ৭২ ঘণ্টার মধ্যে পরীক্ষার ফি বাবদ ১ নম্বর পদের জন্য ৩০০ টাকা, সার্ভিস চার্জ ৩৫ টাকাসহ

মোট ৩৩৫ টাকা; ২ থেকে ৪ নম্বর পদের জন্য ২০০ টাকা, সার্ভিস চার্জ ২৩ টাকাসহ মোট ২২৩ এবং ৫ নম্বর পদের জন্য ১০০ টাকা, সার্ভিস চার্জ ১২ টাকাসহ মোট ১১২ টাকা টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে এসএমএসের মাধ্যমে জমা দিতে হবে।

আবেদনের সময়সীমা : ২১ নভেম্বর ২০২৪, বিকেল ৫টা পর্যন্ত।

সূত্র: কালবেলা

মৌসুমের শুরুতেই শীতে জবুথবু চুয়াডাঙ্গা, তাপমাত্রা ১৪.২ ডিগ্রি

চলতি বছরে মৌসুমের শুরুতেই শীতে জবুথবু চুয়াডাঙ্গা। গত কয়েকদিন ধরে বিকেল থেকেই তাপমাত্রা কমার সাথে বাড়ছে শীতের তীব্রতা।

আজ সোমবার চুয়াডাঙ্গার তাপমাত্রার পারদ নেমে এসেছে ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াসে। এ সময় বাতাসের আদ্রতা ছিল ৯২ শতাংশ। সকাল ৯টায় এ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে।

চুয়াডাঙ্গার আবহাওয়া অফিস সূত্রে জানা যায়, আজ সোমবার (১৮ নভেম্বর) সকাল ৯টায় চুয়াডাঙ্গায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। এ সময় বাতাসের আদ্রতা ছিল ৯২ শতাংশ। যা চলতি মৌসুমে জেলায় সর্বনিম্ন তাপমাত্রা।

দামুড়হুদার রিকশাচালক খোকন মিয়া বলেন এখনই হাত-পা মনে হচ্ছে বরফ হয়ে আসছে। সন্ধার পর শীত বাড়ে। আর কয়েকদিন পর রিকশা চালানো কষ্টকর হয়ে যাবে।

চুয়াডাঙ্গার প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের জ্যেষ্ঠ পর্যবেক্ষক রকিবুল হাসান এ তথ্য নিশ্চিত করে বলেন, গত ১৫ নভেম্বর থেকে চুয়াডাঙ্গা জেলায় তাপমাত্রা কমতে শুরু করেছে। আজ এ জেলায় সকাল ৯টায় তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪.২ ডিগ্রি সেলসিয়াস। এ সময়

বাতাসের আদ্রতা ছিল ৯২ শতাংশ। তিনি আরও জানান, গরমের মধ্যে হটাৎ করে তাপমাত্রা কমে যাওয়ায় শীত বেশী অনুভূত হচ্ছে।

ইউটিউবে কত ভিউতে কত আয়

বিশ্বের অন্যতম জনপ্রিয় ভিডিও স্ট্রিমিং প্ল্যাটফরম ইউটিউব। এ প্ল্যাটফরমে ভিডিও আপলোড করে নির্মাতারা টাকা আয় করেন। তবে ইউটিউবাররা একটা ভিডিওর পরিবর্তে কত টাকা আয় করছে? অনেকেরে মনে প্রশ্ন জাগে ভিডিও আপলোড হলেই কি টাকা আসতে শুরু করে?

সবার আগে এটা বুঝতে হবে, ইউটিউবে চ্যানেল খুলে ভিডিও আপলোড করতেই আয় শুরু হয়ে যায়, এই ধারণাটি একেবারেই ভুল। ইউটিউব থেকে আয় করতে হলে ইউটিউবের কিছু শর্ত পূরণ করতে হবে। তবে, একজন ইউটিউবার তার একটি ভিডিওর মাধ্যমে কত টাকা আয় করবেন, সেটি নির্ভর করে তার ভিডিওটি কেমন, সেটি কোন কোন দেশ থেকে দেখা হয়েছে, সেসব দেশে ইউটিউবের বিজ্ঞাপনের রেট কেমন ইত্যাদির ওপর।

তাহলে চলুন এবার জেনে নেওয়া যাক ভিডিওতে কত ভিউ হলে ইউটিউবে আয় করা যায়-

ইউটিউব থেকে আয় পূর্বে মানতে হয় কিছু শর্ত। প্রথমে জানতে হবে সেসব শর্তগুলো কি? কোনো একটি ভিডিওর ভিউ অন্তত এক হাজার হলে তবেই তা থেকে টাকা পাওয়া যাবে। অর্থাৎ ভিডিওটি অন্তত এক হাজার জন দেখলে তবেই সেই ভিডিও থেকে আয় সম্ভব হবে। এক্ষেত্রে আপনার চ্যানেলটিকে অবশ্যই মনিটাইজ থাকতে হবে।

ইউটিউব চ্যানেলের কোনো ভিডিওর এক হাজার ভিউ হলে সেই ভিডিও থেকে ১-২৫ ডলার পর্যন্ত আয় হতে পারে। যা বাংলাদেশি মুদ্রায় ১০৭- ২ হাজার ৬০০ টাকার কাছাকাছি। তবে ভিডিওটির ভিউ ১ লাখ হলে আয় হবে আরও বেশি। তখন হাজার ডলার পর্যন্ত আয় করা সম্ভব একটি ভিডিও থেকে।

ইউটিউব চ্যানেলে ১ বছরের মধ্যে কমপক্ষে ১ হাজার সাবস্ক্রাইবার থাকতে হবে। একইসঙ্গে ৪ হাজার ঘণ্টা ‘ওয়াচ টাইম’ সম্পূর্ন করতে হবে। পাশাপাশি বিজ্ঞাপনগুলো থেকেও আয় করা যাবে।

স্পন্সর কন্টেন্ট তৈরি করে ইউটিউবে অর্থ উপার্জন করতে পারেন। আবার ইউটিউব শর্টস থেকেও আয় করা যায়। ইউটিউব এখন ইউটিউব শর্টসও চালু করেছে। শর্টসে ব্যবহারকারীরা ৬০ সেকেন্ড পর্যন্ত ছোট ভিডিও তৈরি করে শেয়ার করতে পারেন। শর্টস থেকেও এখন ব্যবহারকারীরা অনেক অর্থ আয় করছেন।

দামুড়হুদায় ৮০ লিটার চোলাই মদসহ মাদক কারবারি আটক

দামুড়হুদায় ডিবি পুলিশ অভিযান চালিয়ে ৮০ লিটার চোলাই মদসহ আশরাফুল ইসলাম (৪০) নামের একজন মাদক কারবারিকে আটক করেছে।

আজ সোমবার সকাল ৬ টার দিকে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর গ্রামের পুর্ব পাড়ায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটকৃত আশরাফুল ইসলাম উপজেলার দর্শনা থানার পরানপুর গ্রামের স্কুল পাড়ার মৃত আলী কদরের ছেলে। আজ সোমবার দুপুর ২টায় এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন জেলা গোয়েন্দা পুলিশ।

ডিবি পুলিশ সূত্রে জানাযায়, গোপন সংবাদের ভিত্তিতে সোমবার সকাল ৬টায় জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মশিয়ার রহমানের তত্বাবধানে এস আই মুহিদ হাসান সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন লোকনাথপুর গ্রামের পুর্ব পাড়ায় অভিযান পরিচালিত করেন। এ সময় আলোচিত মাদক ব্যবসায়ী আশরাফুল ইসলাম কে লোকনাথপুরের শাকিলের বাড়ির সামনে পাকা রাস্তার উপর থেকে ৮০ লিটার চোলাই মদসহ আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ হুমায়ুন কবির বলেন, ডিবি পুলিশের অভিযানে মাদকসহ আশরাফুল ইসলাম নামের একজনকে আটক করা হয়েছে। দামুড়হুদা থানায় আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা রুজু করা হয়েছে।

চলে গেলেন ‘পথের পাঁচালী’র দুর্গা

কিংবদন্তি নির্মাতা সত্যজিৎ রায় নির্মিত জনপ্রিয় চলচ্চিত্র পথের পাঁচালীতে ‘দুর্গা’ চরিত্রে অভিনয় করে সবার নজর কেড়েছিলেন উমা দাশগুপ্ত। সবাইকে কাঁদিয়ে না ফেরার দেশে পাড়ি জমিয়েছেন তিনি। সোমবার (১৮ নভেম্বর) কলকাতার একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি। অভিনেত্রীর মৃত্যুর খবর নিশ্চিত করেছেন অভিনেতা চিরঞ্জিৎ চক্রবর্তী।

ভারতীয় গণমাধ্যম আনন্দবাজারের খবর, মরণঘাতি ক্যানসারের কাছে হার মেনে সোমবার সকাল ৮টার দিকে না ফেরার দেশে চলে যান উমা। এদিকে উমার একই আবাসনের বাসিন্দা ছিলেন চিরঞ্জিত। অভিনেতার কথায়, ‘সকালে উমার মেয়ের সঙ্গে দেখা হয়েছিল। তখনই জানালেন, উমাদি চলে গেছেন। কয়েক বছর আগে ক্যানসার হয়েছিল তার।’

উমা চিকিৎসায় সাড়াও দিয়েছিলেন প্রাথমিকভাবে। কিন্তু নতুন করে ফিরে আসে মারণরোগ। অসুস্থ হয়ে পড়েন উমা। চিকিৎসার জন্য তাকে ভর্তি করানো হয়েছিল এক বেসরকারি হাসপাতালে। সেখানেই প্রয়াত হলেন উমাদেবী।

মাত্র একটি ছবিতে অভিনয় করেই বিশ্বজোড়া খ্যাতি পেয়েছিলেন উমা। ১৯৫৫ সালে সত্যজিৎ রায়ের ‘পথের পাঁচালী’তে ছিলেন ‘অপু’র দিদি ‘দুর্গা’। কিশোরী বয়সের সেই চরিত্রকে পর্দায় জীবন্ত করেছিলেন উমা। এরপর তাকে আর পর্দায় দেখা যায়নি। পেশাগত জীবনে তিনি ছিলেন শিক্ষক।

সূত্র: ইত্তেফাক

কুষ্টিয়ায় নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনে দুজনের কারাদণ্ড

কুষ্টিয়ার কুমারখালীর গড়াই নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনের অপরাধে আক্তার হোসেন (৩৫) এবং সুমন শেখ (২৮) নামে দুজনকে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

গোপন সংবাদের ভিত্তিতে গতকাল রোববার বিকেলে উপজেলার চাপড়া ইউনিয়নের চর চাপড়া এলাকায় অভিযান চালায় উপজেলা প্রশাসন।

আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আমিরুল আরাফাত। এসময় আদালত পরিচালনায় সহযোগিতা করে কুমারখালী থানা-পুলিশ।

দণ্ড পাওয়া মো. আক্তার উপজেলার চাপড়া ইউনিয়নের চর চাপড়া গ্রামের ছবেদ আলী মণ্ডলের ছেলে। আর সুমন শেখ একই এলাকার জামির শেখের ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক নির্বাহী ম্যাজিস্ট্রেট ও কুমারখালী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আমিরুল আরাফাত জানান, গড়াই নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনের অপরাধে বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইনে আক্তারকে ১৫ দিন এবং সমুনকে ১০ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। জনস্বার্থে প্রশাসনের এমন অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

মারা গেছেন স্বাধীন বাংলা ফুটবল দলের অধিনায়ক জাকারিয়া

পিন্টু

মারা গেছেন স্বাধীন বাংলা ফুটবল দলের অধিনায়ক জাকারিয়া পিন্টু। সোমবার (১৮ নভেম্বর) রাজধানীর এক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সকাল সাড়ে এগারোটার পর শেষ নিঃশ্বাস ত্যাগ করেন কিংবদন্তি এই ফুটবলার। তার ছেলের স্ত্রী ও স্বাধীন বাংলা ফুটবল দলের সহ-অধিনায়ক প্রতাপ শঙ্কর হাজরা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

বার্ধক্য ও নানা রোগে ভুগছিলেন ৮১ বছর বয়স্ক জাকারিয়া পিন্টু। গতকাল বাসায় আকস্মিকভাবে পড়ে যাওয়ায় দ্রুত হাসপাতালে ভর্তি করেন তার পরিবারের সদস্যরা। জাকারিয়া পিন্টুর বড় ছেলে তানভীরের স্ত্রী গণমাধ্যমকে বলেন, ‘আজ কিডনির সমস্যার জন্য অন্য হাসপাতালে নেয়ার পরিকল্পনা ছিল। এর আগেই বাবা আমাদের ছেড়ে চলে গেলেন।’

স্বাধীন বাংলা ফুটবল দলের সহ-অধিনায়ক প্রতাপ শঙ্কর বলেন, ‘পিন্টু ভাই গতকাল হাসপাতালে ভর্তি হলেন। এত দ্রুত আমাদের ছেড়ে চলে যাবেন ভাবতে পারিনি। পিন্টু ভাই আমার খেলা নয় জীবনেরও অধিনায়ক।’

১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় দেশের শীর্ষ ফুটবলাররা গঠন করেছিলেন স্বাধীন বাংলা ফুটবল দল। ফুটবল খেলার মাধ্যমে দেশের মানুষের মুক্তির পক্ষে বিশ্বজনমত তৈরি করেছিল স্বাধীন বাংলা ফুটবল দল। সেই দলের গর্বিত অধিনায়ক ছিলেন জাকারিয়া পিন্টু।

কিংবদন্তি এই ফুটবলারের নেতৃত্বে ভারতের বিভিন্ন রাজ্যে ১৬টি ম্যাচে অংশ নিয়েছিল। এর ১২টিতেই জিতেছিল স্বাধীন বাংলা ফুটবল দল। ওই ম্যাচের টিকিট বিক্রির অর্থ স্বাধীন বাংলা ফুটবল দল তুলে দিয়েছিল মুক্তিযুদ্ধকালীন প্রবাসী বাংলাদেশ সরকারের তহবিলে।

এছাড়া ১৯৭৩ সালে মালয়েশিয়ার মারদেকা কাপে বাংলাদেশ জাতীয় ফুটবল দলকে নেতৃত্ব দেন জাকারিয়া পিন্টু। তিনি বাংলাদেশ জাতীয় ফুটবল দলেরও প্রথম অধিনায়ক।

সূত্র: ইত্তেফাক